

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়  
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।  
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০১.০১১.০০.০০.০৩৩.২০১৩. ৫২

তারিখ : ১৩.০৪.২০১৭ খ্রিঃ

বিষয় : লিখিত পরীক্ষা অনুষ্ঠান প্রসংগে।

স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের “সহকারী প্রকৌশলী (পুর)/উপজেলা সহকারী প্রকৌশলী” পদের বাছাই (MCQ) পরীক্ষায় উত্তীর্ণ এবং গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন স্থাপত্য অধিদপ্তরের “সহকারী স্থপতি” পদে অনলাইনে আবেদনকৃত প্রার্থীদের ৩ ঘণ্টা ব্যাপী লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রে উল্লিখিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে:

কেন্দ্রের নাম	পরীক্ষার তারিখ ও সময়	পদের নাম	প্রার্থীর সংখ্যা
শেরেবাংলা নগর সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।	২৯.০৪.২০১৭খ্রিঃ দুপুর ১.৩০ টা থেকে ৪.৩০ টা	সহকারী প্রকৌশলী (পুর)/উপজেলা সহকারী প্রকৌশলী	৪৮৩ জন।
		সহকারী স্থপতি	৩৩৮ জন

**লিখিত পরীক্ষা সম্পর্কিত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি :**

- প্রার্থীদের একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি উত্তরপত্র প্রদান করা হবে। প্রার্থীগণ বাংলা-৫০, ইংরেজী-৫০, সাধারণ জ্ঞান-৪০ এবং সংশ্লিষ্ট টেকনিক্যাল বিষয়ের ৬০ নম্বরের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন উত্তরপত্র ব্যবহার করবেন। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর একই রকম হওয়া বাঞ্ছনীয়। এই পরীক্ষাটি লিখোকোড পদ্ধতিতে অনুষ্ঠিত হবে বিধায় উত্তরপত্রের ১ম পৃষ্ঠায় লিখোকোডের একটি কম্পিউটার ফরম যুক্ত থাকবে।
- পরীক্ষার নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার পর ১ ঘণ্টার মধ্যে পরীক্ষা কক্ষ ত্যাগ করা নিষিদ্ধ।
- পরীক্ষা কক্ষে বই-পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, মোবাইল ফোন বা সকল প্রকার ইলেকট্রনিক যোগাযোগ যন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা হলে এবং মূল গেটে মোবাইল ফোন/নিষিদ্ধ সামগ্রির জন্য বিশেষ তল্লাশি অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর সাথে মোবাইল ফোন/ নিষিদ্ধ সামগ্রি পাওয়া গেলে তার প্রার্থিতা বাতিল করা হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যেকোনো নিয়োগের পরীক্ষার জন্য তাকে অযোগ্য ঘোষণা করা হবে। সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, (সাইন্টফিক ক্যালকুলেটর ব্যবহার করা নিষিদ্ধ)।
- ক. “সহকারী প্রকৌশলী (পুর)/উপজেলা সহকারী প্রকৌশলী” প্রার্থীদের লিখিত পরীক্ষার জন্য নতুন করে কোনো প্রবেশপত্র ইস্যু করা হবেনা, বাছাই (MCQ) পরীক্ষার প্রবেশপত্র দিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কোনো প্রার্থীর প্রবেশপত্র হারিয়ে গেলে অথবা যুক্তি সঙ্গত কারণে বিনষ্ট হলে সংশ্লিষ্ট থানায় জি,ডি করে তার কপিসহ আগামী ২৬ এপ্রিল, ২০১৭ তারিখে ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক (ইউনিট-১) থেকে অফিস চলাকালীন সময়ে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।  
খ. সহকারী স্থপতি পদে অনলাইনে আবেদনকৃত প্রার্থীগণ প্রবেশপত্র কমিশনের ওয়েবসাইট হতে ডাউনলোড করে নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- কোনো প্রার্থীর আবেদনপত্রে গুরুতর ( Substantive) ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে। প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না।
- পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী কমিশনের ওয়েব সাইটে (www.bpsc.gov.bd) পাওয়া যাবে।

পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন

চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে

(শেখ শাখাওয়াৎ হোসেন)

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), (যুগ্ম-সচিব)।